## ৩.৮ সেবার নাম: অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন

### ৩.৮.১ সেবা প্রোফাইল

| সেবা প্রদানকারী অফিসের নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | সেবাপ্রাপ্তির স্থান | প্রয়োজনীয় সময় |
|---|---|---|---|
| উপজেলা/মেট্রোপলিটন থানা/জেলা/ বিভাগীয় সমবায় অফিস/ সমবায় অধিদপ্তর | ১. উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার, সহকারী পরিদর্শক<br>২. জেলা সমবায় অফিসার, পরিদর্শক<br>৩. যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক, সহকারী নিবন্ধক<br>৪. নিবন্ধক ও মহাপরিচালক, অতিরিক্ত নিবন্ধক, যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক, সহকারী নিবন্ধক | উপজেলা/মেট্রোপলিটন থানা/জেলা বিভাগীয় সমবায় কার্যালয়/ সমবায় অধিদপ্তর | ৩ দিন |

| | | |
|---|---|---|
| **সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ** | | সমবায় আইন অনুযায়ী প্রতিটি সমিতির ব্যবস্থাপনা কমিটির মেয়াদ ৩ (তিন) বছর। ফলে মেয়াদপূর্তির পূর্বে নির্বাচনের মাধ্যমে ব্যবস্থাপনা কমিটি গঠন করার পদক্ষেপ গ্রহণ করতে হয়। কিন্তু নিয়মিত বা নিয়োগকৃত ব্যবস্থাপনা কমিটি তার মেয়াদকালের মধ্যে নির্বাচন অনুষ্ঠান করতে না পারার প্রেক্ষিতে সংশ্লিষ্ট শ্রেণির (প্রাথমিক, কেন্দ্রীয়, জাতীয়) সমবায় সমিতির আবেদনের প্রেক্ষিতে অথবা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ উদ্যোগী হয়ে, যেসকল প্রাথমিক সমবায় সমিতির পরিশোধিত শেয়ার মূলধন ৫০,০০০/- টাকা পর্যন্ত, সেসকল প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার অন্য দিকে যেসকল প্রাথমিক সমবায় সমিতির পরিশোধিত শেয়ার মূলধন ৫০,০০০/- টাকার ঊর্ধ্বে উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসারের মাধ্যমে জেলা সমবায় অফিসার, কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষেত্রে উপজেলা/মেট্রোপলিটন থানা/জেলা সমবায় অফিসারের মাধ্যমে বিভাগীয় যুগ্ম-নিবন্ধক এবং জাতীয় সমবায় সমিতির ক্ষেত্রে নিবন্ধক ও মহাপরিচালক অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ প্রদান করেন এবং নিয়োগ আদেশ সংশ্লিষ্ট সমিতি/দপ্তরে প্রেরণ করেন। নিয়োগকৃত অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি আইনানুগ সময়ের মধ্যে নির্বাচন অনুষ্ঠান ব্যবস্থা গ্রহণকরত নির্বাচিত কমিটির নিকট দায়িত্বভার হস্তান্তর করেন। |
| **সেবাপ্রাপ্তির শর্তাবলি** | | সমবায় বিভাগ হতে নিবন্ধিত সমবায় সমিতি হতে হবে |
| **প্রয়োজনীয় কাগজপত্র** | | আবেদনপত্র ও সাংগঠনিক সভার রেজুলেশন/সমবায় অফিসে রক্ষিত রেকর্ডপত্রের ভিত্তিতে |
| **প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ** | | বিনামূল্যে |
| **সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা** | | ১. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ সংশোধিত, ২০১৩)<br>২. সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ |
| **নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা** | | প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে জেলা সমবায় অফিসার/যুগ্ম-নিবন্ধক, কেন্দ্রীয় সমিতির ক্ষেত্রে নিবন্ধক ও জাতীয় সমিতির ক্ষেত্রে সচিব |
| **সেবা প্রদান/ প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ** | **ক) নাগরিক পর্যায়** | সমবায় আইন ও বিধি সম্পর্কে সদস্যদের স্বচ্ছ ধারণা না থাকায় সঠিক সময়ে নির্বাচন অনুষ্ঠান করতে না পারা |
| | **খ) সরকারি পর্যায়** | নিবন্ধিত সকল সমিতির নির্বাচনসংক্রান্ত নির্বাচনী ক্যালেন্ডার সঠিকভাবে সংরক্ষণ না করার ফলে সঠিক সময়ে নির্বাচন অনুষ্ঠান করার বিষয় পত্র দিতে না পারা |
| **বিবিধ/অন্যান্য** | | |